ওয়াশিংটনের সাথে চুক্তি করতে আগ্রহী ইরান: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

চলমান সামরিক উত্তেজনা ও যুদ্ধবিরতির আলোচনার মধ্যেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, ওয়াশিংটনের সাথে চুক্তি করতে ইরান 'সত্যিই আগ্রহী'। তিনি জানান, এই সমঝোতা যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের জন্য ইতিবাচক হবে। সামা টিভির বরাত দিয়ে এই তথ্য জানা গেছে।

নিজের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম 'ট্রুথ সোশ্যাল'-এ দেওয়া এক পোস্টে ট্রাম্প এই মন্তব্য করেন। তিন মাসের সংঘাতের অবসান ও যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর কূটনৈতিক চেষ্টার মাঝেই তাঁর এই বার্তা এলো।

অবশ্য এই মন্তব্যের কিছু সময় আগেই দুপক্ষের মধ্যে নতুন করে পাল্টাপাল্টি হামলার ঘটনা ঘটে। মার্কিন বাহিনী ইরানের সামরিক স্থাপনায় হামলা চালানোর পর, ইরানও মার্কিন ঘাঁটিতে পাল্টা আঘাত করার দাবি করে।

এর আগে ট্রাম্প জানিয়েছিলেন, যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর বিষয়ে তিনি দ্রুতই সিদ্ধান্ত নেবেন। সাম্প্রতিক এই হামলা ও অভ্যন্তরীণ চাপ সত্ত্বেও ট্রাম্প এখনো আলোচনার মাধ্যমে কূটনৈতিক সমাধানের পথেই হাঁটছেন বলে ধারণা করা হচ্ছে।